

সামগ্রিক ব্যয় ও পরিবর্তনশীল ব্যয় হিসাবপদ্ধতি

Absorption Costing and Variable Costing Method



ভূমিকা

Introduction

মুনাফা হলো কারবার প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ বিষয়সমূহের মধ্যে অন্যতম। ব্যবস্থাপকের কাজের মূল্যায়ন প্রায়শঃই প্রতিষ্ঠানের বিভিন্ন অংশের মুনাফার ওপর ভিত্তি করে করা হয়। কাজেই ব্যবস্থাপকগণ সবসময়ই এমনভাবে সিদ্ধান্ত গ্রহণ করতে চেষ্টা করেন যাতে করে মুনাফা বৃদ্ধি করা সম্ভব হয় এবং তাদের কাজের মূল্যায়নও ভালো হয়। কিন্তু কীভাবে বা কী পদ্ধতিতে এ মুনাফা নির্ধারণ করা হয়, নির্ণীত মুনাফা সঠিক বা প্রকৃত মুনাফা কিনা, সে বিষয়ে সমাধানের জন্য হিসাববিদগণ বিভিন্ন উপাদান বিবেচনা করে থাকেন। এ উপাদানগুলোর মধ্যে অন্যতম হলো পণ্য উপাদান ব্যয় নির্ধারণের সঠিক পদ্ধতি বেছে নেয়া। তাই পণ্য উৎপাদন ব্যয় নির্ধারণের সঠিক পদ্ধতি বেছে নেয়ার ক্ষেত্রে হিসাববিদ ও ব্যবস্থাপক দুইজনকেই অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হয়। পণ্য ব্যয় নির্ধারণের দুটি পদ্ধতি বা কৌশল হলো : (১) পরিবর্তনশীল ব্যয় পদ্ধতি (Variable Costing Method) (২) সামগ্রিক ব্যয় পদ্ধতি (Absorption Costing Method)। পরিবর্তনশীল ব্যয় পদ্ধতি বা কৌশল অনুযায়ী শুধু পরিবর্তনশীল উৎপাদন ব্যয় পণ্য ব্যয়ে অন্তর্ভুক্ত করা হয় এবং স্থায়ী উপরব্যয়কে কালীন ব্যয় হিসাবে বিবেচনা করা হয়। অপরপক্ষে, সামগ্রিক ব্যয় কৌশল বা পদ্ধতি অনুযায়ী উৎপাদনের সাথে জড়িত উভয় প্রকার অর্থাৎ পরিবর্তনশীল ও স্থায়ী ব্যয়কে পণ্য ব্যয়ে অন্তর্ভুক্ত করা হয়।



ইউনিট সমাপ্তির সময়

ইউনিট সমাপ্তির সর্বোচ্চ সময় ১ সপ্তাহ

এ ইউনিটের পাঠসমূহ

পাঠ ৩.১ : পরিবর্তনশীল ব্যয় ও সামগ্রিক ব্যয়

পাঠ ৩.২ : পণ্য ব্যয় ও কালীন ব্যয়ের মধ্যে পার্থক্য

পাঠ ৩.৩ : পরিবর্তনশীল ব্যয় ও সামগ্রিক ব্যয় পদ্ধতিতে আয় বিবরণীর ছক

পাঠ ৩.৪ : পরিবর্তনশীল ব্যয় ও সামগ্রিক ব্যয় পদ্ধতি : গাণিতিক সমস্যা ও সমাধান

পাঠ-৩.১

পরিবর্তনশীল ব্যয় ও সামগ্রিক ব্যয়

Variable Costing and Absorption Costing



উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- পরিবর্তনশীল ব্যয় হিসাব কী তা বলতে পারবেন।
- সামগ্রিক ব্যয় হিসাব কী তা বলতে পারবেন।
- পরিবর্তনশীল ব্যয় ও সামগ্রিক ব্যয় হিসাবের বৈশিষ্ট্য লিখতে পারবেন।
- পরিবর্তনশীল ব্যয় ও সামগ্রিক ব্যয় হিসাবের সুবিধা ও অসুবিধা লিখতে পারবেন।
- পরিবর্তনশীল ব্যয় হিসাব পদ্ধতি ও সামগ্রিক ব্যয় হিসাব পদ্ধতির মধ্যে পার্থক্য ব্যাখ্যা করতে পারবেন।



পরিবর্তনশীল ব্যয় ও সামগ্রিক ব্যয় হিসাবের সংজ্ঞা

Definition of variable costing and absorption costing

যে ব্যয় হিসাব পদ্ধতিতে একক প্রতি ব্যয় নির্ধারণে উৎপাদন সংক্রান্ত সকল প্রকার পরিবর্তনশীল ব্যয় অন্তর্ভুক্ত করা হয় তাকে পরিবর্তনশীল ব্যয় হিসাব পদ্ধতি বলে। এক্ষেত্রে প্রত্যক্ষ শ্রম এবং কারখানা পরিবর্তনশীল উপরিব্যয়কে দ্রব্য ব্যয় (**Product Cost**) হিসেবে বিবেচনা করা হয় এবং স্থায়ী উৎপাদন উপরিব্যয়কে কালীন ব্যয় (**Period Cost**) হিসেবে বিবেচনা করা হয়। অর্থাৎ পরিবর্তনশীল ব্যয় হিসাব হলো একটি উৎপাদন ব্যয় হিসাব পদ্ধতি যা পণ্যের একক প্রতি উৎপাদন ব্যয়ে শুধুমাত্র পরিবর্তনশীল উৎপাদন খরচ যেমন: প্রত্যক্ষ কাঁচামাল, প্রত্যক্ষ শ্রম ও উৎপাদন উপরিব্যয় অন্তর্ভুক্ত করে।

According to Prof E. L. Kohler, “In variable costing, only variable manufacturing costs are assigned to units cost”

পরিশেষে বলা যায়, যে হিসাব পদ্ধতিতে দ্রব্যের উৎপাদন ব্যয় নির্ধারণে শুধুমাত্র সকল প্রকার পরিবর্তনশীল কারখানার ব্যয়কে দ্রব্য ব্যয় হিসাবে গণ্য করা হয়, তাহাই পরিবর্তনশীল ব্যয় হিসাব।

পক্ষান্তরে, সামগ্রিক ব্যয় হিসাব একটি গতানুগতিক ব্যয় হিসাব পদ্ধতি। এ হিসাব ব্যবস্থায় উৎপাদন ব্যয় নির্ধারণের ক্ষেত্রে কারখানার স্থায়ী এবং পরিবর্তনশীল উভয় প্রকার ব্যয় অন্তর্ভুক্ত করা হয়। এ পদ্ধতিতে সকল উৎপাদন ব্যয়কেই দ্রব্য ব্যয় হিসেবে বিবেচনা করা হয়। প্রত্যক্ষ কাঁচামাল, প্রত্যক্ষ শ্রম, পরিবর্তনশীল কারখানায় উপরিব্যয় এবং স্থায়ী কারখানার দ্রব্য ব্যয় পণ্য ব্যয় হিসেবে ধরা হয়। এ হিসাব পদ্ধতিতে প্রশাসনিক ও বিক্রয় উপরিখরচকে কালীন ব্যয় হিসাবে গণ্য করা হয়।

According to Prof E. L. Kohler, “Absorption costing is the process of allocating all on a position of fixed and variable production costs to work in progress, cost of sales and inventory”

অর্থাৎ সামগ্রিক ব্যয় হিসাব পদ্ধতি এমন একটি পদ্ধতি যেখানে মজুদের অন্তর্ভুক্তিযোগ্য ব্যয় নির্ধারণে সকল প্রকার পরিবর্তনশীল ও স্থায়ী উৎপাদন ব্যয় অন্তর্ভুক্ত থাকে।

পরিশেষে বলা যায়, যে হিসাব পদ্ধতিতে উৎপাদন ব্যয় নির্ধারণের ক্ষেত্রে কারখানা স্থায়ী ব্যয় ও পরিবর্তনশীল ব্যয় অন্তর্ভুক্ত করা হয় তাকে সামগ্রিক ব্যয় হিসাব পদ্ধতি বলে।

পরিবর্তনশীল ব্যয় হিসাব পদ্ধতির বৈশিষ্ট্য

Characteristics of variable costing

পরিবর্তনশীল ব্যয় হিসাব পদ্ধতির কতকগুলো বৈশিষ্ট্য রয়েছে যা এ হিসাব পদ্ধতিকে অন্যান্য পদ্ধতি থেকে স্বতন্ত্র বলে চিহ্নিত করতে সাহায্য করে। নিম্নে বৈশিষ্ট্যসমূহ আলোচনা করা হলো :

- ১। এ হিসাব পদ্ধতি সকল ব্যয়কে স্থায়ী ও পরিবর্তনশীল ব্যয়ে বিভক্ত করে।
- ২। এ পদ্ধতিতে শুধু পরিবর্তনশীল উৎপাদন ব্যয়কে উৎপাদন ব্যয় হিসাবে গণ্য করা হয়।
- ৩। অর্ধসমাপ্ত পণ্য ও আন্তঃমজুত পণ্য মূল্যায়নের ক্ষেত্রে কেবলমাত্র পরিবর্তনশীল উপবিয়য়কে বিবেচনা করা হয়।
- ৪। এ পদ্ধতিতে স্থির ব্যয়কে কালীন ব্যয় হিসাবে গণ্য করা হয়, উক্ত ব্যয়কে নির্দিষ্ট সময়ান্তে উক্ত সময়ে অনুদান থেকে বাদ দিয়ে মুনাফা নির্ধারণ করা হয়।
- ৫। এক্ষেত্রে অনুদানভিত্তিক মুনাফা নির্ধারণ করা হয়। অনুদান হলো বিক্রয় মূল্য ও বিক্রীত দ্রব্যের পরিবর্তনশীল ব্যয়ের পার্থক্য।
- ৬। কারখানা স্থায়ী উপবিয়য় মজুদ মূল্যে অন্তর্ভুক্ত হয় না। এ জন্য মজুদের মূল্য কম হয়।
- ৭। কারখানা স্থায়ী উপবিয়য় এবং প্রশাসনিক ও বিক্রয় খরচ পুরাপুরি কালীন ব্যয় হিসাবে সরাসরি মুনাফাতে ধার্য হয়।

পরিবর্তনশীল ব্যয় হিসাব পদ্ধতির সুবিধা

Advantages of variable costing method

পরিবর্তনশীল ব্যয় হিসাব পদ্ধতির সুবিধাবলি নিম্নে আলোচনা করা হলো :

- ১। উৎপাদন ব্যয় নির্ধারণ সহজ : প্রত্যক্ষ ব্যয় হিসাব পদ্ধতিতে পরিবর্তনশীল ব্যয়ের ভিত্তিতে উৎপাদন ব্যয় নিরূপিত হয়। এজন্য উৎপাদনের পরিমাণ পরিবর্তন হলে এর ব্যয় নির্ধারণে কোনো অসুবিধা হয় না।
- ২। বাজেট ও দরপত্র প্রস্তুত : এ হিসাব পদ্ধতিতে বিভিন্ন পরিবর্তনশীল পরিস্থিতিতে উৎপাদন ব্যয় নির্ধারণ করা সহজ বিধায় বাজেট ও দরপত্র প্রস্তুত করা সহজ হয়।
- ৩। অতি-উন বণ্টন : পরিবর্তনশীল ব্যয় হিসাবে স্থায়ী খরচ বন্টিত হয় না। ফলে খরচের অতি-উন বণ্টন সমস্যা দেখা দেয় না।
- ৪। ব্যয় নিয়ন্ত্রণ : এ পদ্ধতিতে নমনীয় বাজেট ও মান ব্যয়ের ধারণাকে সম্পৃক্ত করে, ফলে ব্যয় নিয়ন্ত্রণ সহজতর হয়।
- ৫। সিদ্ধান্ত গ্রহণ : এ পদ্ধতিতে তুলনামূলক লাভজনকতা সহজেই অনুমান করা যায়, ফলে সিদ্ধান্ত গ্রহণ সহজতর হয়।
- ৬। বোধগম্যতা : এ কৌশল সাধারণ ধারণার ওপর প্রতিষ্ঠিত বিধায় অনুধাবন করা সহজ।
- ৭। চূড়ান্ত পণ্য ও চলতি কার্যের মূল্যায়ন : এ হিসাব পদ্ধতিতে চূড়ান্ত পণ্য ও চলতি পণ্য কার্যের মূল্যায়ন সঠিক হয়। ফলে পণ্য মূল্যায়নে সমতা রক্ষা করা যায় এবং বাস্তবভিত্তিক হয়।
- ৮। মুনাফার প্রভাব : উৎপাদনের পরিমাণের হ্রাস-বৃদ্ধির ফলে মুনাফা কীভাবে প্রভাবিত হবে তা এ পদ্ধতি প্রয়োগের দ্বারা জানা সম্ভব।
- ৯। উৎপাদন হ্রাস-বৃদ্ধির লাভজনকতা নির্ণয় : এ হিসাব পদ্ধতিতে উৎপাদন হ্রাস-বৃদ্ধির সহিত সংশ্লিষ্ট পর্যায়ের ব্যয় নির্ধারণ করা সহজ। ফলে উৎপাদন হ্রাস-বৃদ্ধি লাভজনক কিনা তা সহজে নির্ধারণ করে ব্যবস্থাপনীয় সিদ্ধান্ত গ্রহণ সহজ হয়।
- ১০। পণ্যের বাজার : বিভিন্ন প্রতিযোগী বাজারের মধ্যে কোনো বাজারে পণ্যের বিক্রয় লাভজনক হবে তা এ পদ্ধতিতে নিরূপন করা যায়।
- ১১। উৎপাদন মিশ্রণ : বিভিন্ন ধরনের উৎপাদনের মধ্যে কোনো উৎপাদনের পরিমাণ বৃদ্ধি এবং কোনোটির পরিমাণ হ্রাস লাভজনক হবে তা পরিবর্তনশীল ব্যয় হিসাব পদ্ধতি প্রয়োগের মাধ্যমে নির্ধারণ করা যায়।

পরিবর্তনশীল ব্যয় হিসাব পদ্ধতির অসুবিধা**Disadvantages of variable costing method**

পরিবর্তনশীল ব্যয় হিসাব পদ্ধতির অনেকগুলো সুবিধা থাকলেও এটি ক্রটিমুক্ত নয়। এ পদ্ধতিতে যে সকল অসুবিধা দেখা যায় তা নিম্নরূপ :

- ১। ব্যয়ের শ্রেণিবিভাগে জটিলতা : এ পদ্ধতিতে আধা-পরিবর্তনশীল ব্যয়কে স্থায়ী ও পরিবর্তনশীল এ দুই শ্রেণিতে বিভাজন করতে অনেক সময় জটিলতার সৃষ্টি হয়। বস্তুত: কোনো ব্যয়ই দীর্ঘকালীন সময়ের ক্ষেত্রে স্থির থাকে না।
- ২। স্থায়ী ব্যয় বিবেচনার প্রশ্ন থাকে না : স্থায়ী ব্যয় সমগ্র উৎপাদন ব্যয়ের একটি অংশ। অথচ এ পদ্ধতিতে এ ব্যয়কে বিবেচনা করা হয় না।
- ৩। মজুদ পণ্যের সঠিক মূল্যায়নের অভাব : পরিবর্তনশীল ব্যয় পদ্ধতির সাহায্যে চূড়ান্ত পণ্য ও অর্ধ সমাপ্ত পণ্যের যোভাবে মূল্যায়ন করা হয় তাতে সঠিক তথ্য পাওয়া যায় না।
- ৪। পরিবর্তনশীল ব্যয় : পরিবর্তনশীল ব্যয় সকল ক্ষেত্রে আনুপাতিক হারে পরিবর্তন হয় না।
- ৫। দীর্ঘমেয়াদি মূলনীতি : স্থায়ী খরচ বাদ দিয়ে দীর্ঘমেয়াদি মূলনীতি নির্ণয় ও অনুসরণ করা সম্ভব হয় না।
- ৬। বিভ্রান্তিকর ফল পাওয়ার সম্ভাবনা : বাস্তবে দ্রব্যের স্থির ব্যয়, পরিবর্তনশীল ব্যয় এবং বিক্রয়মূল্য পরিবর্তিত হতে পারে। তাই এ পদ্ধতি থেকে যে ফল পাওয়া যায়, তা অনেক সময় বিভ্রান্তি সৃষ্টি করে।
- ৭। কর আইন ও গ্যাপ : এ পদ্ধতিতে আয়কর আইন ও সর্বজন স্বীকৃত নীতিমালা (GAAP) উপেক্ষিত হয়। কাজেই এটি কর কর্তৃপক্ষের নিকট গ্রহণযোগ্য হয় না।
- ৮। বাহ্যিক আর্থিক প্রতিবেদন : বাহ্যিক আর্থিক প্রতিবেদন প্রস্তুতের জন্য এ পদ্ধতির প্রয়োগ হয় না। শুধুমাত্র অভ্যন্তরীণ ব্যবস্থাপনা কার্যের মধ্যে সীমিত।

সামগ্রিক ব্যয় হিসাব এর সুবিধা**Advantages of absorption costing method**

সামগ্রিক ব্যয় হিসাব পদ্ধতির কতোগুলো সুবিধা আছে, যা নিম্নে উপস্থাপন করা হলো :

- ১। উৎপাদন ব্যয় নির্ধারণ সহজ : এ পদ্ধতিতে উৎপাদন সংক্রান্ত সকল পরিবর্তনশীল ও স্থায়ী ব্যয় অন্তর্ভুক্ত থাকে। কাজেই ব্যয় নির্ণয় সহজতর হয়।
- ২। গ্রহণ যোগ্যতা : এ পদ্ধতিটি গতানুগতিক বিধায় সবার নিকট গ্রহণযোগ্য।
- ৩। ব্যয় বণ্টন : এ ক্ষেত্রে ব্যয় বণ্টনে কোন জটিলতার সৃষ্টি হয় না।
- ৪। তৃতীয় পক্ষের নিকট গ্রহণযোগ্য : পরিশোধণ বা সামগ্রিক ব্যয় পদ্ধতিতে আর্থিক প্রতিবেদন প্রস্তুতের ক্ষেত্রে কর আইন ও GAAP অনুসরণ করা হয়। কাজেই কর কর্তৃপক্ষ ও সরকার, বিনিয়োগকারী, পাওনাদার, প্রভৃতি পক্ষের নিকট গ্রহণযোগ্য হয়।
- ৫। মজুদ পণ্যের মূল্যায়ন সঠিক : পরিশোধণ সামগ্রিক ব্যয় হিসাব পদ্ধতিতে যেহেতু পরিবর্তনশীল ও স্থায়ী কারখানার ব্যয়ের ভিত্তিতে মজুদ পণ্যের মূল্যায়ন করা হয় সেহেতু মজুদ পণ্যের মূল্যায়ন সঠিক হয়।

সামগ্রিক ব্যয় হিসাবের অসুবিধা

Disadvantages of absorption costing method

সামগ্রিক ব্যয় হিসাব পদ্ধতি গতানুগতিক পদ্ধতি হলেও এর কিছু সীমাবদ্ধতা আছে যা নিম্নে আলোচনা করা হলো :

- ১। ব্যয় নিয়ন্ত্রণ ও তুলনায় জটিলতা :** পরিশোধণ সামগ্রিক ব্যয় হিসাব পদ্ধতি উৎপাদনের স্তরের উপর নির্ভর করে বিধায় উৎপাদনের বিভিন্ন স্তরের জন্য একক ব্যয় বিভিন্ন হয়ে থাকে। স্থায়ী ব্যয়ের কারণে উৎপাদনের পরিমাণ বৃদ্ধি পেলে একক প্রতি ব্যয় হ্রাস পায়। কাজেই তুলনা ও ব্যয় নিয়ন্ত্রণ খুবই জটিল হয়।
- ২। ব্যয় বণ্টন :** এ পদ্ধতিতে কারখানার উপরিব্যয় অনুমানের ভিত্তিতে বণ্টন করা হয়। সে জন্য স্থায়ী ব্যয়ের কারণে পরিকল্পিত ও প্রকৃত উপরিব্যয়ের মধ্যেও পার্থক্য হয়।
- ৩। ব্যবস্থাপকীয় সিদ্ধান্ত গ্রহণে সাহায্য করেনা :** উপযোগী পণ্য মিশ্রণ, ক্রয় বা উৎপাদন, রপ্তানি ফরমায়েশ গ্রহণ বা প্রত্যাখ্যান, বিকল্প নির্বাচন; মন্দার সময় ন্যূনতম মূল্য স্থিরীকরণ; কাজিখত মুনাফা অর্জনে বিক্রয় একক নির্ণয় প্রভৃতি ক্ষেত্রে পরিশোধণ ব্যয় হিসাব পদ্ধতি ব্যবস্থাপকীয় সিদ্ধান্ত গ্রহণে সাহায্য করে না।
- ৪। স্থায়ী ব্যয়ের কারণে ব্যয় বাতিল করে :** পরিশোধণ ব্যয় হিসাব পদ্ধতিতে স্থায়ী ব্যয়ের একটি অংশ পরবর্তী হিসাবকালে স্থানান্তরিত হয়, কারণ সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয় উৎপাদন ব্যয়ের ভিত্তিতে যার মধ্যে স্থায়ী ব্যয় অন্তর্ভুক্ত থাকে।

পরিবর্তনশীল ব্যয় হিসাব পদ্ধতি ও সামগ্রিক বা অন্তর্ভুক্তি ব্যয় হিসাব পদ্ধতির মধ্যে পার্থক্য

Distinguishing between variable costing and absorption costing method

যে হিসাব পদ্ধতিতে উৎপাদন ব্যয় নির্ধারণের ক্ষেত্রে শুধুমাত্র পরিবর্তনশীল উৎপাদন ব্যয় অন্তর্ভুক্ত করা হয়, তাকে প্রত্যক্ষ বা পরিবর্তনশীল ব্যয় হিসাব বলে। পক্ষান্তরে, যে হিসাব পদ্ধতিতে উৎপাদন ব্যয় নির্ধারণের ক্ষেত্রে উৎপাদনের স্থায়ী ও পরিবর্তনশীল উভয় প্রকার ব্যয় অন্তর্ভুক্ত করা হয় তাকে পরিশোধণ ব্যয় হিসাব পদ্ধতি বা সামগ্রিক বা অন্তর্ভুক্তি ব্যয় হিসাব পদ্ধতি বলে। নিম্নে পরিবর্তনশীল ব্যয় হিসাব পদ্ধতি এবং সামগ্রিক ব্যয় হিসাব পদ্ধতির মধ্যকার পার্থক্য তুলে ধরা হলো :

পার্থক্যের বিষয়	পরিবর্তনশীল ব্যয় হিসাব পদ্ধতি	সামগ্রিক ব্যয় হিসাব পদ্ধতি
১। একক প্রতি উৎপাদন ব্যয় নির্ণয়	পরিবর্তনশীল ব্যয় হিসাব পদ্ধতিতে একক প্রতি ব্যয় নির্ধারণে শুধুমাত্র সকল প্রকার উৎপাদন সংক্রান্ত পরিবর্তনশীল ব্যয় অন্তর্ভুক্ত করা হয়।	সামগ্রিক ব্যয় হিসাব পদ্ধতিতে একক প্রতি ব্যয় নির্ধারণে পরিবর্তনশীল ও স্থায়ী ব্যয় অন্তর্ভুক্ত করা হয়।
২। স্থায়ী ব্যয়	স্থায়ী ব্যয় সংশ্লিষ্ট বছরে ধার্য করা হয়।	স্থায়ী ব্যয়ের অংশবিশেষ সমাপনী মজুদের অন্তর্ভুক্তির মাধ্যমে পরবর্তী হিসাব কালে স্থানান্তর করা হয়।
৩। পরিবর্তনশীল ব্যয়	অবদান নির্ধারণ করার পূর্বে সকল পরিবর্তনশীল ব্যয় বাদ দেয়া হয়।	মোট মুনাফা নির্ধারণের পূর্বে স্থায়ী ও পরিবর্তনশীল উভয় ব্যয়ই বাদ দেওয়া হয়।
৪। ভেদাংক সমন্বয়	এক্ষেত্রে পরিবর্তনশীল ব্যয় ভেদাংক থাকলে সমন্বয় করতে হয়, কিন্তু উৎপাদন পরিমাণ ভেদাংক সমন্বয় করার দরকার হয় না।	এক্ষেত্রে পরিবর্তনশীল ব্যয় ভেদাংক ও উৎপাদন পরিমাণ ভেদাংক উভয়ই সমন্বয় করতে হয়।

পার্থক্যের বিষয়	পরিবর্তনশীল ব্যয় হিসাব পদ্ধতি	সামগ্রিক ব্যয় হিসাব পদ্ধতি
৫। মুনাফার ওপর মজুদের প্রভাব	মজুদের পরিমাণ বৃদ্ধি পেলে মুনাফা কম হয়, অপরদিকে মজুদের পরিমাণ হ্রাস পেলে মুনাফা বৃদ্ধি পায়।	মজুদের পরিমাণ বৃদ্ধি পেলে মুনাফা বৃদ্ধি পায়, কারণ অধিক মজুদের সহিত অধিক পরিমাণ স্থায়ী খরচ পরবর্তী হিসাব কালের জন্য স্থানান্তর করা হয়।
৬। সমছেদবিন্দু বিশ্লেষণ	এ হিসাব পদ্ধতির মাধ্যমে সমছেদ বিন্দু বিশ্লেষণ করা সহজ হয়।	এ হিসাব পদ্ধতি সমছেদ বিন্দু বিশ্লেষণে সহায়তা দানে অপারগ।
৭। সিদ্ধান্ত গ্রহণ	ব্যবস্থাপকীয় সিদ্ধান্ত গ্রহণে অগ্রণী ভূমিকা পালন করে।	ব্যবস্থাপকীয় সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে এ পদ্ধতি তেমন উপযোগী না।
৮। বোধগম্যতা	এ কৌশল সাধারণ ধারণার ওপর প্রতিষ্ঠিত বিধায় অনুধাবন করা তুলনামূলকভাবে সহজ।	এ কৌশল একাধিক ধারণার ওপর প্রতিষ্ঠিত বিধায় সহজে অনুধাবন করা সম্ভব না।
৯। ব্যবহার	বাস্তবক্ষেত্রে সম্পাদিত কার্যমূল্যায়নের উদ্দেশ্যে আন্তর্গরিপোটিং-এ পরিবর্তনশীল ব্যয় হিসাব পদ্ধতি ব্যাপক ভাবে ব্যবহৃত হয়।	বহির্গরিপোটিং এর জন্য ও কর প্রদানের জন্য সামগ্রিক ব্যয় হিসাব পদ্ধতি ব্যবহার করা হয়।
১০। ব্যয়ের প্রকৃতি	পরিবর্তনশীল ব্যয় হিসাব পদ্ধতিতে স্থায়ী উৎপাদন উপরিব্যয়কে কালীন ব্যয় হিসাবে গন্য করা হয়।	সামগ্রিক ব্যয় হিসাব পদ্ধতি অনুযায়ী স্থায়ী উৎপাদন উপরিব্যয়কে পণ্য ব্যয় হিসাবে ধরা হয়।



সারসংক্ষেপ:

পরিবর্তনশীল ব্যয় হিসাব পদ্ধতিতে একক প্রতি ব্যয় নির্ধারণে সকল প্রকার উৎপাদন সংক্রান্ত পরিবর্তনশীল ব্যয় অন্তর্ভুক্ত করা হয়। সামগ্রিক ব্যয় হিসাব পদ্ধতিতে একক প্রতি ব্যয় নির্ধারণে পরিবর্তনশীল ও স্থায়ী ব্যয় অন্তর্ভুক্ত করা হয়।

পাঠ-৩.২

পণ্য ব্যয় ও কালীন ব্যয়ের মধ্যে পার্থক্য

Distinguishing between Product Cost and Period Cost



উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- পণ্য ব্যয় ও কালীন ব্যয়ের মধ্যে পার্থক্য বলতে পারবেন।



পণ্য ব্যয় ও কালীন ব্যয়ের মধ্যে পার্থক্য

Distinguishing between product cost and period cost

যে ব্যয় পদ্ধতিতে প্রত্যক্ষ উৎপাদন ব্যয় ছাড়াও কারখানার স্থায়ী খরচকে আনুপাতিক হারে উৎপাদন ব্যয়ে ধার্য করা হয় তাকে পণ্য ব্যয় বলে। প্রত্যক্ষ কাঁচামাল, প্রত্যক্ষ শ্রম এবং কারখানার উপরিব্যয় পণ্য ব্যয়ের অন্তর্ভুক্ত। অপরপক্ষে, নির্দিষ্ট সময় কালের সহিত সম্পর্কযুক্ত ব্যয়কেই কালীন ব্যয় বলে। এ শ্রেণির ব্যয় উৎপাদন ব্যয়ের সাথে অন্তর্ভুক্ত হয় না। নিম্নে পণ্য ব্যয় ও কালীন ব্যয়ের মধ্যে পার্থক্য দেওয়া হলো :

তুলনা ভিত্তি	পণ্য ব্যয়	কালীন ব্যয়
১। পণ্যের ব্যয় নির্ধারণ	এ ধরনের ব্যয়গুলোকে পণ্যের ব্যয় নির্ধারণে ধরা হয়।	এ ধরনের ব্যয়গুলোকে পণ্যের ব্যয় নির্ধারণে ধরা হয় না।
২। অনুদান প্রাপ্ত	অনুদান প্রাপ্ত নিরূপনে এ ধরনের ব্যয় গুরুত্বপূর্ণ নয়।	অনুদান প্রাপ্ত নিরূপনে এ ব্যয়ের ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ।
৩। অন্তর্ভুক্ত	মাল, শ্রম, স্থায়ী ও পরিবর্তনশীল কারখানা উপরিব্যয় উভয়ই এ ব্যয়ের অন্তর্ভুক্ত।	প্রত্যক্ষ ব্যয় হিসাবে সকল প্রকার ব্যয় কালীন ব্যয়ের অন্তর্ভুক্ত।
৪। অতি-উন বণ্টন	এ ব্যয় কারখানার উপরিব্যয়ের উন বা অতিবণ্টন হতে পারে।	এ ব্যয়ের কোনো উন বা অতি বণ্টন হয় না।
৫। মজুদ মাল	মজুদপণ্যের মূল্য নির্ধারণে এ ব্যয় অন্তর্ভুক্ত থাকে।	মজুদপণ্যের মূল্য নির্ধারণে এ ব্যয় অন্তর্ভুক্ত থাকে না।
৬। বিক্রয় মূল্য নির্ণয়	পণ্যের বিক্রয় মূল্য নির্ধারণে এ ব্যয় উপযোগী।	পণ্যের সঠিক বিক্রয় মূল্য নির্ধারণে এ ব্যয় উপযোগী নয়।
৭। ফলাফল	এ ব্যয় সমাপ্তি মজুদের অন্তর্ভুক্তির মাধ্যমে পরবর্তী বৎসরে স্থানান্তরিত হয়।	এ ব্যয়ের ফলাফল সংশ্লিষ্ট বৎসরেই শেষ হয়।
৮। ব্যয়ের সঠিক অনুমান	কেবলমাত্র পরিশোধণ ব্যয়ে এরূপ ব্যয়ের অনুমান সঠিক হয়।	এরূপ ব্যয়ে অনুমান কেবলমাত্র প্রত্যক্ষ ব্যয়ে সঠিক হয়।
৯। সম্পত্তি	পণ্য বিক্রয় না হওয়া পর্যন্ত এটা সম্পত্তি হিসেবে প্রদর্শিত হয়।	পণ্য বিক্রয় হোক বা না হোক, এটি কোনো অবস্থাতেই সম্পত্তি হিসেবে গণ্য হবে না।
১০। সিদ্ধান্ত গ্রহণ	বাহ্যিক সিদ্ধান্ত গ্রহণে এ ব্যয় অতীব গুরুত্বপূর্ণ।	অভ্যন্তরীণ সিদ্ধান্ত গ্রহণে এ ব্যয় অগ্রণী ভূমিকা পালন করে।



সারসংক্ষেপ:

পণ্য ব্যয়গুলোকে পণ্যের ব্যয় নির্ধারণে ধরা হয়। কালীন ব্যয়গুলোকে পণ্যের ব্যয় নির্ধারণে ধরা হয় না।

পাঠ-৩.৩

পরিবর্তনশীল ব্যয় ও সামগ্রিক ব্যয় পদ্ধতিতে আয় বিবরণীর ছক

Proforma of Income Statement under Variable Costing and Absorbing Costing



উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- পরিবর্তনশীল ব্যয় ও সামগ্রিক ব্যয় পদ্ধতিতে আয় বিবরণী প্রস্তুতের ছক ব্যাখ্যা করতে পারবেন।



পরিবর্তনশীল ব্যয় পদ্ধতিতে আয় বিবরণীর ছক

Proforma of Income Statement under Variable Costing

Proforma income statement under Direct/variable costing:

Income Statement

(Under direct/Variable costing)

Details	Tk.	Tk.
Sales		*****
Less: Variable expenses:		
Direct materials	****	
Direct labor	****	
Variable manufacturing overhead	****	
Total variable manufacturing costs	****	
Add: Opening work-in-process	****	
Total costs of goods manufactured	****	
Less: Closing work-in-process	****	
Variable costs of goods manufactured/product cost	****	
Add: Opening finished goods	****	
Variable cost of goods available for sale	****	
Less: Closing finished goods	****	
Variable cost of goods sold		****
Contribution margin		****
Less: Fixed expenses:		
Manufacturing overhead	****	
Selling & administration	****	****
Net operating income/profit		****

Computation of product cost under variable costing:

Direct materials	****
Direct labor	****
Variable manufacturing overhead	****
Product cost	****

সামগ্রিক ব্যয় পদ্ধতিতে আয় বিবরণীর ছক

Proforma of income statement under absorption costing

Proforma Income Statement under Absorption Costing:

Income Statement

(Under Absorption costing)

Details	Tk.	Tk.
Sales		*****
Less: Cost of goods sold:		
Direct materials	****	
Direct labor	****	
Variable manufacturing overhead	****	
Fixed manufacturing overhead	****	
Total manufacturing costs	****	
Add: opening work-in-process	****	
Total costs of goods manufactured	****	
Less: closing work-in-process	****	
Costs goods manufactured / product cost	****	
Add: Opening finished goods	****	
Goods available for sale	****	
Less: Closing finished goods	****	
Costs of goods sold		****
Gross profit		****
Less: Selling and administration expenses:		
Variable and fixed		****
Net operating income/profit		****

Computation of product cost under absorption costing:

Direct materials	****
Direct labor	****
Variable manufacturing overhead	****
Fixed manufacturing overhead	****
Product cost	****



সারসংক্ষেপ:

যখন প্রতিষ্ঠানের উৎপাদন ও বিক্রয় একই হয় বা প্রারম্ভিক ও সমাপনী মজুত সমান হয়, তখন পরিবর্তনশীল ব্যয় পদ্ধতিতে ও সামগ্রিক ব্যয় পদ্ধতিতে মুনাফার পরিমাণ একই হয়।

পাঠ-৩.৪

পরিবর্তনশীল ব্যয় ও সামগ্রিক ব্যয় পদ্ধতি: গাণিতিক সমস্যা ও সমাধান
Variable Costing and Absorbing Costing : Mathematical Problem and Solutions

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- পরিবর্তনশীল ব্যয় ও সামগ্রিক ব্যয় পদ্ধতিতে আয় বিবরণী প্রস্তুত করতে পারবেন।



পরিবর্তনশীল ব্যয় ও সামগ্রিক ব্যয় পদ্ধতি: গাণিতিক সমস্যা ও সমাধান

Variable costing and absorbing costing: mathematical problem and solutions

Example 1 : Nupor Manufacturing Company manufactures and sells a single product. The following costs were incurred during the company's first year of production:

Variable cost per unit:

Direct materials	Tk. 15.00
Direct labor	Tk. 8.00
Variable manufacturing overhead	Tk. 3.00
Variable selling and administrative overhead	Tk. 4.00

Fixed costs per year:

Fixed manufacturing overhead	Tk. 2,70,000
Fixed selling and administrative overhead	Tk. 1,00,000

During the year, the company produced 30,000 units and sold 25,000 units. The selling price of the company's product is Tk. 50 Per unit.

Required:

- Assume that the company uses the absorption costing method.
 - Compute the unit product cost.
 - Prepare an income statement for the year.
- Assume that the company uses the direct costing method.
 - Compute the unit product cost.
 - Prepare an income statement for the year.

Solution :

- (a) Unit product cost under absorption costing:

Direct materials	Tk.15.00
Direct labor	Tk. 8.00
Variable manufacturing overhead	Tk. 3.00
Total variable manufacturing costs	<u>26.00</u>
Fixed manufacturing Tk. (270,000 ÷ 30,000) =	<u>9.00</u>
Product cost per unit	<u><u>Tk. 35.00</u></u>

1. (b)

Nupor Manufacturing Company
Income Statement (Under absorption costing)

Details	Tk.	Tk.
Sales (25,000 × 50)		12,50,000
Less: Cost of goods sold:		
Cost of goods manufactured (30,000×35)	10,50,000	
(-) Closing finished goods (5,000×35)	1,75,000	8,75,000
Gross profit		3,75,000
Less: Selling & administrative (25,000 × 4) + 1,00,000		2,00,000
Net operating income		<u>1,75,000</u>

2. (a) Unit product cost under direct costing:

Direct materials	Tk. 15.00
Direct labor	Tk. 8.00
Variable manufacturing overhead	Tk. 3.00
Product cost per unit	<u>Tk. 26.00</u>

2. (b)

Nupor Manufacturing Company
Income Statement (Under direct costing)

Details	Tk.	Tk.
Sales (25,000 × 50)		12,50,000
Less: variable expenses:		
Variable cost of goods manufactured (30,000×26)	7,80,000	
(-) Closing finished goods (5,000×26)	1,30,000	
Variable cost of goods sold	6,50,000	
Add: variable selling & administrative (25,000 × 4)	1,00,000	7,50,000
Contribution margin		5,00,000
Less: Fixed expenses:		
Manufacturing overhead	2,70,000	
Selling & administrative	1,00,000	3,70,000
Net operating income		<u>1,30,000</u>

Example 2 : The cost department of Kajol Company has stabilised the following standards for manufacturing:

Normal capacity (units)	2,00,000
Maximum capacity (units)	2,50,000
Standard variable manufacturing cost per unit	Tk. 15
Variable marketing expenses per unit sold	Tk. 5
Fixed manufacturing overhead	Tk. 4,00,000
Fixed marketing expenses	Tk. 2,50,000
Selling price per unit	Tk. 30
Operating units for the year:	
Opening inventory	20,000
Sales	1,75,000
Production	1,80,000

Required : Prepare an income statement using direct and absorption costing.

Solution :

Kajol Company

Income statement under direct/variable costing)

Details	Tk.	Tk.
Sales (1,75,000 × 30)		52,50,000
Less: Standard variable manufacturing cost (1,80,000× 15)	27,00,000	
Add: opening finished goods (20,000 × 15)	3,00,000	
Goods available for sales	30,00,000	
Less: Closing finished goods (25,000 × 15)	3,75,000	
Variable cost of goods sold	26,25,000	
Add: Variable marketing expenses	8,75,000	35,00,000
Contribution margin		17,50,000
Less: Fixed expenses		
Manufacturing overhead	4,00,000	
Selling & administrative	2,50,000	6,50,000
Net operating income		<u>11,00,000</u>

Kajol Company

Income statement under absorption costing)

Details	Tk.	Tk.
Sales (1,75,000 × 30)		52,50,000
Less:		
Variable manufacturing cost (1,80,000×15)	27,00,000	
Fixed manufacturing cost (1,80,000×2)	3,60,000	
Cost of goods manufactured	30,60,000	

Details	Tk.	Tk.
Add: opening finished goods (20,000 ×17)	3,40,000	
Goods available for sales	34,00,000	
Less: Closing finished goods (25,000 ×17)	4,25,000	
	29,75,000	
Add: Under applied fixed manufacturing cost (4,00,000 -3,60,000)	40,000	
Cost of goods sold		30,15,000
Gross profit		22,35,000
Less: Marketing expenses:		
Fixed	2,50,000	
Variable (1,75,000 ×5)	8,75,000	
		11,25,000
Net operating income		<u>11,10,000</u>

Note: Fixed manufacturing cost per unit = 4,00,000 ÷ 2,00,000 = Tk. 2

Example 3 : Rupsha Company Ltd. supplies you the following information for a particular year:

Direct material consumed	Tk. 3,40,000
Direct labor	2,60,000
Variable manufacturing overhead	1,20,000
Fixed manufacturing overhead	2,40,000
Administrative & selling overhead (variable)	20,000
Administrative & selling overhead (fixed)	60,000
Sales @ Tk.50 per unit	10,00,000

There was no opening inventory of work-in-process or finished goods. However 24,000 units were produced during the year.

Required: You are required to prepare an income statement under

- (a) Absorption costing and
- (b) Direct/Variable costing.

Solution-3 (a)

Rupsha Company Ltd.

Income statement under absorption costing

Details	Tk.	Tk.
Sales (20,000 × 50)		10,00,000
Less:		
Direct materials	3,40,000	
Direct labor	2,60,000	
Variable manufacturing overhead	1,20,000	
Fixed manufacturing overhead	2,40,000	
Cost of goods manufactured	9,60,000	
Less: Closing Finished goods (4,000×40)	1,60,000	

Details	Tk.	Tk.
Cost of goods sold		8,00,000
Gross margin/profit		2,00,000
Less: Selling and administration expenses:		
Variable	20,000	
Fixed	60,000	80,000
Net operating income/profit		<u>1,20,000</u>

Workings:

(a) Closing finished goods is valued at cost of production as follows:

$$\begin{aligned} \text{Cost per unit} &= \text{Cost of goods manufactured} \div \text{Units production} \\ &= 9,60,000 \div 24,000 = \text{Tk. } 40 \end{aligned}$$

(b) Closing finished goods is valued at variable cost of production as follows:

$$\begin{aligned} \text{Cost per unit} &= \text{Variable cost of goods manufactured} \div \text{Units production} \\ &= 7,20,000 \div 24,000 = \text{Tk. } 30 \end{aligned}$$

3. (b)

Rupsha Company Ltd.

Income Statement under direct/variable costing

Details	Tk.	Tk.
Sales (20,000 × 50)		10,00,000
Less:		
Direct materials	3,40,000	
Direct labor	2,60,000	
Variable manufacturing overhead	1,20,000	
Variable cost of goods manufactured	7,20,000	
Less: closing finished goods (4,000×30)	1,20,000	
Cost goods manufactured / product cost		6,00,000
		4,00,000
Less: Variables selling and administrative overhead		20,000
Contribution margin		3,80,000
Less: Fixed cost:		
Manufacturing	2,40,000	
Selling & administration	60,000	3,00,000
Net operating income/profit		<u>80,000</u>

**সারসংক্ষেপ:**

প্রতিষ্ঠানের উৎপাদন, বিক্রয় ও মজুত পণ্যের বিভিন্ন অবস্থায় পরিবর্তনশীল ব্যয় পদ্ধতিতে ও সামগ্রিক ব্যয় পদ্ধতিতে মূল্যায়নের পরিমাণ ভিন্ন ভিন্ন হয়।



ইউনিট মূল্যায়ন

- ১। পরিবর্তনশীল ব্যয় ও সামগ্রিক ব্যয় পদ্ধতির সংজ্ঞা দিন। পরিবর্তনশীল ব্যয়ের বৈশিষ্ট্যসমূহ কী কী লিখুন। (Define variable and absorption costing. Write the characteristics of variable costing)
- ২। সামগ্রিক ব্যয় পদ্ধতির বৈশিষ্ট্যসমূহ কী কী লিখুন। (Write the characteristics of absorption costing)
- ৩। পরিবর্তনশীল ব্যয় পদ্ধতির সুবিধা ও অসুবিধাসমূহ কী কী লিখুন। (Write the Advantages and disadvantages of variable costing)
- ৪। সামগ্রিক ব্যয় পদ্ধতির সুবিধা ও অসুবিধাসমূহ কী কী লিখুন। (Write the advantages and disadvantages of absorption costing)
- ৫। পরিচালন আয় ও আয় বিবরণী কী লিখুন। (Write the operating income and income statement)
- ৬। কিভাবে আপনি সামগ্রিক ব্যয় পদ্ধতিতে আয় বিবরণী প্রস্তুত করবেন? (How would you prepare income statement under absorption costing?)
- ৭। কিভাবে আপনি পরিবর্তনশীল ব্যয় পদ্ধতিতে আয় বিবরণী প্রস্তুত করবেন? (How would you prepare income statement under variable costing?)

৮। Khan Manufacturing Company manufactures and sells a single product. The following costs were incurred during the company's first year of production:

Variable cost per unit:

Manufacturing:

Direct materials	Tk. 18.00
Direct labor	Tk. 10.00
Variable manufacturing overhead	Tk. 5.00
Variable selling and administrative	Tk. 3.00

Fixed costs per year:

Fixed manufacturing overhead	Tk. 1,50,000
Fixed selling and administrative	Tk. 50,000

During the year, the company produced 20,000 units and sold 15,000 units. The selling price of the company's product is Tk. 40 per unit.

Required:

1. Assume that the company uses the absorption costing method.
 - (a) Compute the unit product cost.
 - (b) Prepare an income statement for the year.
2. Assume that the company uses the direct costing method.
 - (a) Compute the unit product cost.
 - (b) Prepare an income statement for the year.

৯। The cost department of Jamal Company has stabilised the following standards for manufacturing:

Normal capacity (units)	1,50,000
Maximum capacity (units)	1,80,000
Standard variable manufacturing cost per unit	Tk. 12
Variable marketing expenses per unit sold	Tk. 4
Fixed manufacturing overhead	Tk. 2,00,000
Fixed marketing expenses	Tk. 1,70,000
Selling price per unit	Tk. 25
Operating units for the year:	
Opening inventory	15,000
Sales	1,20,000
Production	1,60,000

Required: Prepare an income statement using direct and absorption costing.

১০। Happy Company Ltd. supplies you the following information for a particular year:


Direct material consumed	Tk. 2,50,000
Direct labor	1,20,000
Variable manufacturing overhead	1,10,000
Fixed manufacturing overhead	1,20,000
Administrative & selling overhead (variable)	15,000
Administrative & selling overhead (fixed)	50,000
Sales @ Tk. 40 per unit	8,00,000

There was no opening inventory of work-in-process or finished goods. However, 22,000 units were produced during the year.

Required: You are required to prepare an income statement under

- Absorption costing and
- Direct/Variable costing.

এ ইউনিটের মূখ্য শব্দসমূহ

 মূখ্য শব্দ	পরিবর্তনশীল ব্যয়, সামগ্রিক ব্যয়, পণ্য ব্যয় ও কালীন ব্যয়।
--	--